"শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন"

**National Institute of Biotechnology**
Ministry of Science and Technology
Government of the People's Republic of Bangladesh
Ganakbari, Ashulia, Savar, Dhaka-1349.
Phone: +88-02-7789458, Fax: +88-02-7789636

**ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি**
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯।
ফোন: +৮৮-০২-৭৭৮৯৪৫৮, ফ্যাক্স: +৮৮-০২-৭৭৮৯৬৩৬

স্মারক নং-৩৯.০৬.২৬৭২.০০১.১১.০০১.২০-৪৫৭

তারিখ: ২ আশ্বিন ১৪২৭ / ১৭ সেপ্টেম্বর ২০২০

## নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতাধীন ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি এর রাজস্বখাতে অস্থায়ীভাবে নিম্নবর্ণিত পদসমূহ পূরণের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:-

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও আবেদনের বিভাগসমূহ | পদের সংখ্যা | বেতন স্কেল (জা: বে: স্কেল /১৫ অনুযায়ী) | সর্বোচ্চ বয়সসীমা |
|---|---|---|---|---|
| ১। | বৈজ্ঞানিক কর্মকর্তা (গ্রেড- ৯)<br>বিভাগ: এনভায়রনমেন্টাল (১টি), প্ল্যান্ট (১টি), ও মলিকুলার (১টি)<br>**শিক্ষাগত যোগ্যতা:** (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে জীবপ্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর (থিসিসসহ) ডিগ্রি;<br>(খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষা হইতে স্নাতকোত্তর ডিগ্রি পর্যন্ত অন্যূন ৩ (তিন) টি ১ম বিভাগ, শ্রেণী বা সমমানের Cumulative Grade Point Average (সিজিপিএ) থাকিতে হইবে: তবে শর্ত থাকে যে, কোন পরীক্ষায় ৩য় বিভাগ, শ্রেণী বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। | ০৩ | ২২,০০০-৫৩,০৬০/- | ৩০ বৎসর |
| ২। | টেকনিশিয়ান (গ্রেড- ১৫)<br>**শিক্ষাগত যোগ্যতা:** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে বিজ্ঞানে অন্যূন ২য় বিভাগ, শ্রেণী বা সমমানের Cumulative Grade Point Average (সিজিপিএ) সহ স্নাতক বা সমমানের ডিগ্রি। | ০১ | ৯,৭০০-২৩,৪৯০/- | ৩০ বৎসর |
| ৩। | ল্যাবরেটরী এটেনডেন্ট (গ্রেড-১৯)<br>**শিক্ষাগত যোগ্যতা:** কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের Cumulative Grade Point Average (সিজিপিএ) সহ বিজ্ঞান বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের ডিগ্রি। | ০৩ | ৮,৫০০-২০,৫৭০/- | ৩০ বৎসর |

### আবেদনের শর্ত ও নিয়মাবলী:

১। নিয়োগ সংক্রান্ত সকল তথ্য ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি (এনআইবি)'র ওয়েব সাইট www.nib.gov.bd এ পাওয়া যাবে। প্রার্থীকে আবশ্যিকভাবে উক্ত ওয়েব সাইট হতে আবেদন পত্রের নির্ধারিত ফরম ডাউনলোড সাপেক্ষে কম্পিউটার কম্পোজ করে স্বাক্ষরসহ স্বশরীরে উপস্থিত হয়ে অথবা ডাকযোগে/কুরিয়ারে প্রেরণ করতে হবে। আবেদনপত্রের সফটকপি ইউনিকোডে (নিকশ ফন্ট) পূরণ করে nibmanpower2015@gmail.com-এ ই-মেইল যোগে প্রেরণ করতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, বিলম্বে প্রাপ্ত ও সফটকপিবিহীন এবং নির্ধারিত ফরম ব্যতীত আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে। নির্দিষ্ট পদের জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতার পরীক্ষায় অবতীর্ণ (appeared) প্রার্থীদের আবেদন গ্রহণযোগ্য নয়।

২। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত দলিলাদি সংযুক্ত করতে হবে:

(ক) মহাপরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি'র অনুকূলে উত্তরা ব্যাংক, ইপিজেড শাখা, গণকবাড়ী, সাভার, ঢাকা-১৩৪৯ বরাবর উত্তরা ব্যাংকের যে কোন শাখা হইতে ১ নং পদের জন্য ৪০০ (চার শত) টাকা, ২ ও ৩ নং পদের জন্য ১০০ (একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার, (খ) প্রবেশ-পত্র প্রেরণের জন্য প্রার্থীদের নাম ও যোগাযোগের ঠিকানা উল্লেখ পূর্বক প্রতিটিতে ৬/-(ছয়) টাকার ডাক টিকেটযুক্ত ৪×১০ ইঞ্চি সাইজের ২টি ফেরত খাম (গ) সদ্য তোলা ৩ (কপি) পাসপোর্ট সাইজ ছবি (ছবির পেছনে নাম ও সত্যায়নসহ) (ঘ) থিসিস সারসংক্ষেপ ( ১ নং পদের ক্ষেত্রে) এবং (ঙ) মুক্তিযোদ্ধা পোষ্য কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে নিম্নবর্ণিত ছক:

| প্রার্থীর নাম | মুক্তিযোদ্ধার সহিত প্রার্থীর সম্পর্ক | মুক্তিযোদ্ধা সংক্রান্ত তথ্য | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | মুক্তিযোদ্ধার নাম ও পিতার নাম | উপজেলা/ জেলার নাম | জাতীয় পরিচয়পত্র/জন্ম তারিখ | মুক্তিবার্তা নম্বর/গেজেট নম্বর ও তারিখ | সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বর | মন্তব্য |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| | | | | | | | |

৩। প্রার্থীর ছবি, পরীক্ষার ফি বাবদ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার কপি এবং ফেরত খাম ব্যতীত অন্য কোন সনদ বা প্রমানপত্রের অনুলিপি আবেদনের সাথে সংযুক্ত করার প্রয়োজন নেই। মৌখিক পরীক্ষার সময় আবেদনে উল্লেখিত সকল তথ্য প্রমাণের জন্য সনদ বা প্রমাণ পত্রের মূল কপি ও একসেট অনুলিপি (১ম শ্রেণীর সরকারি কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) সাথে আনতে হবে। মুক্তিযোদ্ধা পোষ্য কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত কপি, মুক্তিযোদ্ধার তালিকা নম্বর (মুক্তিবার্তা নম্বর/গেজেট নম্বর), জাতীয় পরিচয়পত্র/জন্মতারিখ (সত্যায়িত ফটোকপি/প্রমাণক), আবেদনকারীর সহিত সনদধারী মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর অথবা পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট সংযুক্ত করতে হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবি ও সিল থাকতে হবে।

৪। আবেদনপত্র আগামী ১৭ অক্টোবর, ২০২০ তারিখ বিকাল ৪:০০ টার মধ্যে মহাপরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি, গণকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯ এই ঠিকানায় পৌছাতে হবে। খামের উপর পদের নাম, আবেদনের বিভাগ (বৈজ্ঞানিক কর্মকর্তার ক্ষেত্রে প্রযোজ্য), নিজ জেলা এবং কোটা (২ ও ৩ নং পদের ক্ষেত্রে) উল্লেখ করতে হবে।

৫। আবেদনের শেষ তারিখে প্রার্থীর বয়সসীমা সর্বোচ্চ ৩০ বৎসর হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা প্রার্থীদের ক্ষেত্রে এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক বয়স শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়। সরকারি বিধি মোতাবেক শুধুমাত্র "ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি" শীর্ষক প্রকল্পে কর্মরত ছিল এমন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।

৬। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগ প্রাপ্ত হলে এবং পরবর্তী যেকোন সময় তা প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা এবং নিয়োগ সংক্রান্ত অন্যান্য সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে। প্রয়োজনীয় ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি বিধান প্রযোজ্য হবে।

৮। কর্মরত প্রার্থীদের আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে পৌছাতে হবে। অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।

৯। নিয়োগ পরীক্ষার জন্য প্রার্থীদের কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। আবেদনপত্র গ্রহণ, বাতিল, নিয়োগ এবং বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদ সংখ্যা হ্রাস বৃদ্ধিসহ সকল ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। কেবলমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের সুযোগ দেয়া হবে।

২৭/০৯/২০২০

মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি